তারুণ্য বার্তা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ-এর একটি অনলাইন বার্তাপত্র

ইয়ুথ লিডারদের মানবিক উদ্যোগ
করোনায় আক্রান্ত মৃত ব্যক্তিদের দাফন

বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়ন ইউনিটের ইয়ুথ লিডার আবিদ আল সাকিবসহ আরও চারজন মিলে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করা ব্যাক্তিদের জানাজা ও লাশ দাফন সম্পন্ন করার কাজ করছেন। গত ৩০ জুন পর্যন্ত তারা সাতজন মৃত ব্যক্তির লাশ দাফনের কাজ সম্পন্ন করেছেন।

করোনায় আক্রান্ত হওয়ার আতঙ্কে যখন নিজ পরিবার এবং এলাকার মানুষজন করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করা ব্যাক্তিদের লাশ দাফনের ব্যাপারে অনাগ্রহী, তখনি দাফনের কাজে এগিয়ে এসে উচ্চতর মানবিকতার নজির স্থাপন করেন ইয়ুথ এন্ডিং হাঙ্গারের এই স্বেচ্ছাব্রতীরা। তারা নিজেদের যথাযথ সুরক্ষা নিশ্চিত করতে পিপিই পরিধান করে মৃত ব্যক্তির গোসল, জানাজা ও দাফনের কাজ সম্পন্ন করেন। সামাজিক দায়বদ্ধতার চেতনা ও মানবিক বোধ থেকেই মানুষের এই দুঃসময়ে দায়িত্ব পালন করছেন বলে উল্লেখ করেন ইয়ুথ লিডার সাকিব। তাদের এই মানবিক উদ্যোগ অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

তৃতীয় লিঙ্গের মানুষের পাশে সিলেট ইয়ুথ ইউনিট

করোনা মহামারীর এই সংকটকালে তৃতীয় লিঙ্গের মানুষেরা কঠিন সময় পার করছেন। তারা সমাজের একটি অবিচ্ছেদ্য অংশ হয়েও সব সময় সবার থেকে অবহেলিত থাকেন এবং পিছিয়ে থাকেন। ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ সিলেট জেলা ফোরাম মানবিক উদ্যোগ নিয়ে দাঁড়িয়েছে সংকটগ্রস্ত এইসব তাদের পাশে। তাদের সহায়তা করেছে সাধ্যমতো।

জেলা ফোরামের পক্ষ থেকে এবং ফোরামের সমন্বয়কারী মোমিনুল হক ফাহিম এর নেতৃত্বে ১০ মে সাতজন তৃতীয় লিঙ্গের মানুষকে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি, মাস্ক ও গ্লাভস উপহার দেওয়া হয়। প্রতিটি ব্যাগে ছিল পাঁচ কেজি চাল, তিন কেজি আলু, দুই কেজি পিঁয়াজ, এক কেজি ডাল, এক লিটার তেল এবং ৫০০ গ্রাম খেঁজুর।

উপহার সামগ্রী বিতরণের এই আয়োজনে উপস্থিত ছিলেন সিনিয়র ইয়ুথ লিডার আশিক সজিব, ইয়ুথ এন্ডিং হাঙ্গার সিলেট বিভাগের প্রাক্তন সমন্বয়কারী কামাল আলী গাজী, সিলেট জেলা ফোরামের প্রাক্তন সমন্বয়কারী মারুফুজ্জামান অসিন, ইয়ুথ লিডার আব্দুস সালাম, সালমান নাবিল এবং ইয়ুথ এন্ডিং হাঙ্গার সিলেট ফোরামের সমন্বয়কারী মোমিনুল হক ফাহিম।

ডুমুরিয়ার ইয়ুথ লিডার আজগর আলীর উপহার

খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার রুদাঘরা ইউনিয়নের রুদাঘরা গ্রামের ইয়ুথ এন্ডি হাঙ্গার ইউনিটের কো-অর্ডিনেটর জিএম আজগর আলীর উদ্যোগে সংকটগ্রস্ত মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। জুনের শুরুতেই মানবিক সহায়তার জন্য গ্রামের বিত্তবান, চাকুরিজীবী ও সমাজসেবী রাজনৈতিক নেতাদের কাছ থেকে অর্থ সংগ্রহ করা হয়।

গত ১৬ জুন ১৪ জন অতিদরিদ্র দিনমজুরের মাঝে এই খাদ্য সহায়তা পৌঁছে দেওয়া হয়। বিতরণকৃত প্রতিটি প্যাকেটে ছিল ১৫ কেজি চাল, দুই কেজি আলু, এক কেজি পিঁয়াজ, একশ গ্রাম রসুন, এক লিটার তেল, এক কেজি লবণ, একটি সাবান ও মসলা।

কাজটি বাস্তবায়নে গ্রামের চারজন্ ইয়ুথ সদস্য বিশেষ ভূমিকা রেখেছেন। তাদের এই কাজটি চলমান রাখার কথা জানিয়েছেন আজগর। তিনি বলেন, আমাদের প্রতিবেশী, আমাদের গ্রামের মানুষ কখনও না খেয়ে থাকবেন না। আমরা সম্মিলিত উদ্যোগ নিয়ে সবার পাশে থাকব।

উল্লেখ্য, ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের তরুণ স্বেচ্ছাব্রতীরা ডুমুরিয়া উপজেলায় নানাবিধ সমাজকল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়ন করছে। তারই অংশ হিসেবে করোনা প্রাদুর্ভাবের শুরু থেকেই তারা সাধারণ মানুষের পাশে থেকে স্বাস্থ্য সুরক্ষা এবং মানবিক সহায়তার কাজে নিয়োজিত রয়েছে।

উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
yeh.thpbd.org | thpbd.org
facebook.com/YEHBD
হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
ফোন: ৯১৩-০৪৭৯, ৯১২-২০৮৬